অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/16/2023 **গভর্নর ক্যাথি হোকল**

কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কিত লক্ষ্যসমূহ এগিয়ে নেওয়ার জন্য 20 মিলিয়ন ডলারের সরকারি-বেসরকারি বিনিয়োগ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

UAlbany এবং IBM-এর 20 মিলিয়ন ডলারের এই যৌথ বিনিয়োগ সেন্টার ফর এমার্জিং আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স সিস্টেমসকে সহায়তা করবে

SUNY-এর চ্যান্সেলর AI গবেষণা, শিক্ষা, নীতিমালা এবং কর্মীদল উন্নয়নের প্রচেষ্টায় ভবিষ্যত কর্মকৌশলের জন্য একটি গতিপথ নির্ধারণে সাহায্য করার জন্য AI গবেষণা গ্রুপ গঠন করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজ কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কিত লক্ষ্যসমূহ এগিয়ে নেওয়ার জন্য ইউনিভার্সিটি অ্যাট আলবানি (University at Albany) এবং IBM-এর মধ্যে 20 মিলিয়ন ডলারের বিনিয়োগ ও সহযোগিতার সম্পর্ক স্থাপন করা, এবং SUNY-এর একটি AI গবেষণা গ্রুপ গঠন করার ঘোষণা দিয়েছেন। গভর্নরের দিকনির্দেশনার অধীনে নিউ ইয়র্ক স্টেট AI গবেষণা ও উন্নয়ন খাতে নেতৃত্ব দিচ্ছে। উল্লেখযোগ্য বিনিয়োগ নিউ ইয়র্কের সর্বাধুনিক গবেষণা কেন্দ্রগুলোতে কোম্পানিগুলোকে আকৃষ্ট করতে এবং কর্মসংস্থান তৈরি করতে সাহায্য করছে।

"নিউ ইয়র্কবাসীদের মধ্যে আমাদের নিজেদেরকে পরিবর্তনের চালিকাশক্তির অগ্রভাগে রাখার এবং অন্য কেউ পারছে না এমন সুযোগ-সুবিধা অফার করার একটি অবিরাম উচ্চাকাঙ্ক্ষা রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা যেখানে বাস করছি সেই বিশ্বকে AI মৌলিকভাবে পরিবর্তন করে দিচ্ছে, এবং নিউ ইয়র্ক কেবল গ্রাউন্ড ফ্লোরেই থাকতে চায় না—আমরা AI-এর বিকাশের ক্ষেত্রে মানদণ্ড নির্ধারণ করতে চাই। এই বিনিয়োগ এবং SUNY-এর AI গবেষণা গ্রুপ তৈরির মধ্য দিয়ে আমরা AI-কে শিক্ষার কেন্দ্রে স্থাপন করছি যাতে আমরা নিউ ইয়র্কের জন্য একটি বুদ্ধিদীপ্ত ভবিষ্যত তৈরি ও লালন করতে পারি।"

SUNY-এর চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "SUNY গবেষণা ও স্কলারশিপের মাধ্যমে উচ্চতর শিক্ষা খাতে এবং কর্মীদলে কৃত্রিম বুদ্ধিমত্তার বিকাশ ও প্রয়োগের ক্ষেত্রে সামনের সারিতে রয়েছে, এবং AI-এর ক্ষেত্রে দেশের নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নর হোকলের রূপকল্প বাস্তবায়নে সহায়তা করার জন্য আমাদের ভূমিকা নিয়ে গর্বিত। SUNY-এর AI গবেষণা গ্রুপ AI-কেন্দ্রিক শিক্ষা, গবেষণা, ও কর্মীদল উন্নয়নের ক্ষেত্রে SUNY-কে একটি বৈশ্বিক নেতৃত্বের অবস্থানে প্রতিষ্ঠিত করার জন্য শীর্ষস্থানীয় বিশেষজ্ঞ ও প্র্যাক্টিশনারদের একসঙ্গে নিয়ে আসছে।

আমি গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভাকে AI-এর ক্ষেত্রে তাদের চলমান বিনিয়োগের জন্য এবং, বিশেষ করে এই প্রথম বারের মতো নিউ ইয়র্ক স্টেটের তরফ থেকে ম্যাচিং তহবিল প্রদানের ক্ষেত্রে তাদের বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাতে চাই, যে বিনিয়োগ আমাদের ইউনিভার্সিটি সেন্টারগুলোতে AI সহ অন্যান্য বিষয়ে উল্লেখযোগ্য গবেষণা ত্বরান্বিত করবে।"

UAlbany এবং IBM-এর মধ্যকার 20 মিলিয়ন ডলারের সহযোগিতার সম্পর্ক সেন্টার ফর এমার্জিং আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স সিস্টেমস (Center for Emerging Artificial Intelligence Systems, CEAIS) গঠন করেছে, যা উন্নত ক্লাউড কম্পিউটিং এবং IBM-এর রিসার্চ AI হার্ডওয়্যার সেন্টার (Research AI Hardware Center) থেকে বের হয়ে আসা হার্ডওয়্যারের সাহায্যে নতুন AI গবেষণা প্রকল্পসমূহ পরিচালনা করবে। UAlbany-তে SUNY-এর উদ্বোধনী AI সিম্পোজিয়ামে এই ঘোষণা প্রদান করা হয়েছে।

এই সেন্টারটি UAlbany-এর AI প্লাস (AI Plus) উদ্যোগের বিবর্তনের পরবর্তী ধাপ, যেটি বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও একাডেমিক এন্টারপ্রাইজ ব্যাপী ডাটা সায়েন্স থেকে শুরু করে সেমিকন্ডাক্টর ডিজাইন এবং দর্শন ও শিল্পকলা পর্যন্ত সব ক্ষেত্রে AI সম্পর্কিত শিক্ষাদান ও শিক্ষাকে একীভূত করছে।

ইউনিভার্সিটি অ্যাট আলবানির প্রেসিডেন্ট হ্যাভিডান রডরিগেজ বলেন, "UAlbany-এর নয়টি স্কুল ও কলেজের গবেষকরা আমাদের বিশ্ব সম্পর্কে নতুন আবিষ্কারের জন্য কৃত্রিম বুদ্ধিমত্তাকে কাজে লাগাচ্ছে এবং আমরা তাদেরকে অতি গুরুত্বপূর্ণ নতুন জ্ঞান বিকাশের জন্য এবং স্ব স্ব খাতের সর্বাধুনিক জ্ঞানকে এগিয়ে নেওয়ার জন্য সেরা হাতিয়ারগুলো প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ রয়েছি। সেন্টার ফর এমার্জিং আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স সিস্টেমস UAlbany-এর গবেষকদের জন্য AI সুপারকম্পিউটিং রিসোর্সের অ্যাক্সেস উল্লেখযোগ্যভাবে সম্প্রসারণ করবে এবং IBM কর্তৃক উন্নয়নকৃত কিছু সর্বাধুনিক কম্পিউটিং প্রযুক্তির জন্য আমাদের বিশ্ববিদ্যালয়কে একটি শীর্ষস্থানীয় পরীক্ষার স্থানে পরিণত করবে।"

এই নতুন সেন্টারটি SUNY এবং IBM-এর মধ্যে বিদ্যমান গভীর মৈত্রির সম্পর্ককে আরো এগিয়ে নিচ্ছে, যার মধ্যে 2019 সালে প্রতিষ্ঠিত IBM-এর রিসার্চ AI হার্ডওয়্যার সেন্টারে SUNY-এর সম্পৃক্ততা অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে একাডেমিক ও শিল্পখাতের গবেষকরা আরো দ্রুততর, আরো বেশি শক্তিশালী এবং আরো বেশি জ্বালানি দক্ষতাসম্পন্ন চিপ সম্পর্কে গবেষণার জন্য সহযোগি হয়ে কাজ করছেন।

IBM সেমিকন্ডাক্টর্স-এর GM এবং IBM রিসার্চ-এর হাইব্রিড ক্লাউডের VP মুকেশ ভি. খের বলেন, "আজ CEAIS প্রতিষ্ঠার জন্য আমাদের সহযোগী হয়ে কাজ করার বিষয়টি ঘোষণা করার জন্য ইউনিভার্সিটি অ্যাট আলবানির সঙ্গে যোগ দিতে পেরে IBM গর্বিত, যা UAlbany কমিউনিটির জন্য নতুন গবেষণা ও শিক্ষার সুযোগ-সুবিধা ত্বরান্বিত করবে। এই সেন্টারটি তৈরির মধ্য দিয়ে আলবানিতে IBM-এর উদ্ভাবন ও নেতৃত্বদানের ট্র্যাক রেকর্ড অব্যাহত রয়েছে, যা ইতোমধ্যে আলবানি ন্যানোটেক কমপ্লেক্সে আমাদের সেমিকন্ডাক্টর ও AI গবেষণা ফ্যাসিলিটিগুলোর ঠিকানা হয়ে আছে। UAlbany এবং বাস্তুসংস্থানের অন্য অংশীদারদের সাথে

একসঙ্গে কাজ করার মধ্য দিয়ে, আমরা রাজধানী অঞ্চল এবং গ্রেটার হাডসন ভ্যালি অঞ্চলকে প্রযুক্তিগত উদ্ভাবনের কেন্দ্র হিসেবে সুপ্রতিষ্ঠিত করবে এমন সুযোগ-সুবিধা প্রদান করার পাশাপাশি নিউ ইয়র্কের একটি কর্মীদলকে আমাদের দেশের ভবিষ্যত গড়ে তোলার ক্ষেত্রে সহায়তা করার প্রত্যাশা রাখি।"

SUNY AI গবেষণা গ্রুপে 60 জন সদস্য রয়েছেন যারা AI-এর নিয়ে সুযোগ-সুবিধা এবং চ্যালেঞ্জগুলোর সুযোগ কাজে লাগানোর জন্য AI গবেষণা, শিক্ষা, নীতিমালা এবং কর্মীদল উন্নয়নের প্রচেষ্টায় SUNY-এর ভবিষ্যত কর্মকৌশলের জন্য একটি গতিপথ নির্ধারণে সাহায্য করবেন। এছাড়াও এই গবেষণা গ্রুপটি অধিকতর গবেষণার অর্থায়নের জন্য সর্বস্তরে বিদ্যমান অর্থায়নের সুযোগসমূহ শনাক্ত করবে এবং সেইসাথে অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে কৌশলগত অংশীদারিত্ব স্থাপনের সুযোগ সন্ধান করবে।

এই AI গবেষণা গ্রুপটির আহবায়ক হলেন SUNY-এর সিনিয়র ভাইর চ্যান্সেলর ফর রিসার্চ, ইনোভেশন এন্ড ইকোনোমিক ডেভেলপমেন্ট, এফ. শাদি শাহেদিপুর-স্যান্ডভিক, এবং সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন ইউনিভার্সিটি অ্যাট বাফেলোর ভাইস প্রেসিডেন্ট ফর রিসার্চ এন্ড ইকোনোমিক ডেভেলপমেন্ট, ভেনু গোবিন্দারাজু এবং স্টোনি ব্রুক ইউনিভার্সিটির (Stony Brook University) কলেজ অব ইঞ্জিনিয়ারিং এন্ড অ্যাপ্লায়েড সায়েন্সের ডিন অ্যান্ড্রু সিঙ্গার।

AI গবেষণা গ্রুপটি যেসব ক্ষেত্রে নেতৃত্ব ও মনোযোগ দান করবে সেগুলোর মধ্যে রয়েছে:

ডাটার গোপনীয়তা ও নিরাপত্তা – SUNY-এর ডিস্টিংগুইশড সার্ভিস প্রফেসর, বিংহ্যামটন ইউনিভার্সিটির (Binghamton University) কম্পিউটার সায়েন্স ডিপার্টমেন্টের সভাপতি ওয়েই মেং; এবং স্টোনি ব্রুক ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর মাইকেল পলিক্রোনাকিস
শিক্ষা – স্টোনি ব্রুক ইউনিভার্সিটির ফ্যাকাল্টি অ্যাফেয়ার্স এবং বৈচিত্র্য, সমতা ও অন্তর্ভুক্তি বিষয়ক ভাইস প্রোভোস্ট, ইলেক্ট্রিকাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের প্রফেসর, মনিকা ফার্নান্দেজ বুগালো; এবং বিংহ্যামটন ইউনিভার্সিটির অ্যাসোসিয়েট ডিন অব রিসার্চ মিরা সম্পথ
সামাজিক প্রভাব, নৈতিকতা এবং বিশ্বাসযোগ্যতা – ইউনিভার্সিটি অ্যাট আলবানির দর্শন বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর জ্যাসন ডি'ক্রুজ; এবং ইউনিভার্সিটি অ্যাট বাফেলোর ক্যাথেরিন জনসন চেয়ার ইন আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের প্রফেসর আত্রি রুদ্র
গবেষণা ও অবকাঠামো – ইউনিভার্সিটি অ্যাট আলবানির ভাইস প্রেসিডেন্ট ফর রিসার্চ এন্ড ইকোনোমিক ডেভেলপমেন্ট থেনকুরুসি (কেশ) কেসাভাদাস এবং ইউনিভার্সিটি অ্যাট বাফেলোর SUNY এম্পায়ার ইনোভেশন প্রফেসর, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের জিনজুন জিয়ং
কর্মীদল ও শিল্পখাত – ইউনিভার্সিটি অ্যাট বাফেলোর SUNY এম্পায়ার ইনোভেশন প্রফেসর, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের, ডিরেক্টর অব আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স

ইনস্টিটিউট ডেভিড ডোয়ারম্যান; এবং স্টোনি ব্রুক ইউনিভার্সিটির ডিস্টিংগুইশড টিচিং প্রফেসর, কম্পিউটার সায়েন্স, স্টিভেন স্কিয়েনা

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক, যা এই বছর এর 75 তম বর্ষপূর্তি পালন করবে, যা মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ সমন্বিত উচ্চ শিক্ষা ব্যবস্থা এবং 95 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসীরা SUNY এর 64টি কলেজ ও ইউনিভার্সিটির কোনো না কোনোটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো সিস্টেমজুড়ে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, দেশের সবচেয়ে পুরাতন মেরিটাইম স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের একটি জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2022 অর্থবছরে গবেষণা ব্যয় ছিল প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও শিক্ষকদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। কিভাবে SUNY সুযোগ সৃষ্টি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu-এ যান।

###